

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা
নেজারত শাখা
www.magura.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.৫৫০০.০৯.০৮.০৪৯.১৯- ৬৬৮

তারিখ : ০৭.১১.২০১৯ খ্রিস্টাব্দ


বিষয় : 'উৎপাদন ও ব্যবসা-বাণিজ্যে প্রতিযোগিতা' বিষয়ক রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য পাণ্ডুলিপি প্রেরণ

সূত্র : ২৬.১২.০০০০.১০১.৯৯ .০০৪.১৭-ডিও/১১/২০১৯ তারিখ : ২১.১০.২০১৯ খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্র পত্রের প্রেক্ষিতে, প্রতিযোগিতা আইন, ২০১২ এর লক্ষ্য ও উদ্দেশ্য এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কর্মকাণ্ড বিষয়ে সমাজে তথা শিক্ষা প্রতিষ্ঠান ও ছাত্র-ছাত্রীদের মধ্যে সচেতনতা সৃষ্টি এবং প্রতিযোগিতা আইন কার্যকরভাবে বাস্তবায়নে সহায়তা করবে এমন ধারণা/পরামর্শ গ্রহণের লক্ষ্যে সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ে স্নাতক ও স্নাতকোত্তর বা সমমান এবং কলেজ ও মাদ্রাসায় একাদশ ও দ্বাদশ শ্রেণী বা সমপর্যায়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের মধ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন রচনা প্রতিযোগিতা আয়োজন করেছে।

এমতাবস্থায়, 'উৎপাদন ও ব্যবসা-বাণিজ্যে প্রতিযোগিতা' বিষয়ে রচনা প্রতিযোগিতা আয়োজনপূর্বক প্রাপ্ত রচনার পাণ্ডুলিপি সংযুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক আগামী ২৩.১১.২০১৯ খ্রি. তারিখের মধ্যে ডাকযোগে সচিব, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ৩৭/৩/এ ইফাটন গার্ডেন, রমনা, ঢাকা বরাবর প্রেরণ করে অত্রাফিসকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : ০১ (এক) পাতা।


মোঃ ফরিদ হোসেন
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
মাগুরা
ফোন : ০৪৮৮-৬২৭১৫

প্রাপক:


.....
.....
.....

বিতরণ :

- ১। উপপরিচালক, স্থানীয় সরকার, মাগুরা।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/ অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), মাগুরা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, মাগুরা।
- ৪। জেলা প্রশাসক, মাগুরা মহোদয়ের গোপনীয় সহকারী। জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ ইফাটন গার্ডেন, রমনা, ঢাকা
www.ccb.gov.bd

‘উৎপাদন ও ব্যবসা-বাণিজ্যে প্রতিযোগিতা’ বিষয়ক রচনা প্রতিযোগিতা সময় বর্ধিতকরণ বিজ্ঞপ্তি

প্রতিযোগিতা আইন, ২০১২ এর লক্ষ্য ও উদ্দেশ্য এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এর কর্মকাণ্ড বিষয়ে সমাজে তথা শিক্ষা প্রতিষ্ঠান ও ছাত্র-ছাত্রীদের মধ্যে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয়, কলেজ ও মাদ্রাসা পর্যায়ে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। জাতীয় পর্যায়ে আয়োজিত এ প্রতিযোগিতায় নিম্নে বর্ণিত স্তরের ছাত্র-ছাত্রীগণকে নির্ধারিত শর্তাবলী অনুসরণে অংশগ্রহণের আহবান করা যাচ্ছে:

রচনা প্রতিযোগিতা সম্পর্কিত তথ্যাদি:

- (১) বিশ্ববিদ্যালয় পর্যায়ে (সকল সরকারি ও বেসরকারি, সাধারণ ও কারিগরি বিশ্ববিদ্যালয় এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত ও মাদ্রাসায় সমপর্যায়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের জন্য:
বিষয়ঃ উৎপাদন ও ব্যবসা-বাণিজ্যে প্রতিযোগিতা বিরোধী অনুশীলন প্রতিরোধে করণীয়। (১৮০০-২০০০ শব্দ)।
- (২) কলেজ পর্যায়ে (সরকারি/বেসরকারি ও কারিগরি কলেজ) একাদশ ও দ্বাদশ শ্রেণীতে এবং মাদ্রাসায় সমপর্যায়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের জন্য:
বিষয়ঃ বাজারে সুষ্ট প্রতিযোগিতা অর্থনৈতিক প্রবৃদ্ধির অন্যতম নিয়ামক। (১৩০০-১৫০০ শব্দ)।

মূল্যায়ন কমিটি ১ম, ২য় ও ৩য় পুরস্কারের জন্য দুই ক্যাটাগরিতে মোট ৬ জন প্রতিযোগিকে চূড়ান্তভাবে নির্বাচন করবে।

শ্রেণীভিত্তিক পুরস্কারের মূল্য ও সম্মাননা সনদ:

বিশ্ববিদ্যালয় পর্যায়ে:


- ১। প্রথম পুরস্কার: নগদ ৩০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।
- ২। দ্বিতীয় পুরস্কার: নগদ ২০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।
- ৩। তৃতীয় পুরস্কার: নগদ ১০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।

কলেজ পর্যায়ে:

- ১। প্রথম পুরস্কার: নগদ ২০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।
- ২। দ্বিতীয় পুরস্কার: নগদ ১৫,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।
- ৩। তৃতীয় পুরস্কার: নগদ ১০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।

প্রতিযোগিতায় অংশগ্রহণের নিয়ম ও বিস্তারিত শর্তাবলী বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ওয়েবসাইট www.ccb.gov.bd এ দেয়া আছে।

বিঃ দ্রঃ রচনা জমা প্রদানের সর্বশেষ তারিখঃ ২৮ নভেম্বর ২০১৯ বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত।


মোঃ দেলোয়ার হোসেন
সচিব
25/10/19

উৎপাদন ও ব্যবসা-বাণিজ্য প্রতিযোগিতা বিষয়ক রচনা প্রতিযোগিতা সময় বর্ধিতকরণ বিজ্ঞপ্তি

প্রতিযোগিতা আইন, ২০১২ এর লক্ষ্য ও উদ্দেশ্য এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এর কর্মকাণ্ড বিষয়ে সমাজে তথা শিক্ষা প্রতিষ্ঠান ও ছাত্র-ছাত্রীদের মধ্যে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে সরকারি/বেসরকারি বিশ্ববিদ্যালয়, কলেজ ও মাদ্রাসা পর্যায়ে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। জাতীয় পর্যায়ে আয়োজিত এ প্রতিযোগিতায় নিম্নে বর্ণিত স্তরের ছাত্র-ছাত্রীগণকে নির্ধারিত শর্তাবলী অনুসরণে অংশগ্রহণের আহবান করা যাচ্ছে:

রচনা প্রতিযোগিতা সম্পর্কিত তথ্যাদি:

- (১) বিশ্ববিদ্যালয় পর্যায়ে (সকল সরকারি ও বেসরকারি, সাধারণ ও কারিগরি বিশ্ববিদ্যালয় এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত ও মাদ্রাসায় সমপর্যায়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের জন্য:
বিষয়: উৎপাদন ও ব্যবসা-বাণিজ্য প্রতিযোগিতা বিরোধী অনুশীলন প্রতিরোধে করণীয়। (১৮০০-২০০০ শব্দ)।
- (২) কলেজ পর্যায়ে (সরকারি/বেসরকারি ও কারিগরি কলেজ) একাদশ ও দ্বাদশ শ্রেণীতে এবং মাদ্রাসায় সমপর্যায়ে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের জন্য:
বিষয়: বাজারে সুষ্ঠু প্রতিযোগিতা অর্থনৈতিক প্রবৃদ্ধির অন্যতম নিয়ামক। (১৩০০-১৫০০ শব্দ)।

শর্তাবলী:

- ১। রচনা A4 সাইজের কাগজে, লাইন স্পেস ১.৫, মার্জিন ১ ইঞ্চি রেখে এক পৃষ্ঠায় (উভয় পৃষ্ঠায় নয়) প্রিন্ট করতে হবে;
- ২। রচনা বাংলা ভাষায় লিখতে হবে। তবে কোন উদ্ধৃতি বা কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের গৃহীত কার্যক্রম/বক্তব্য কোট আনকোট করে ইংরেজী ভাষা ব্যবহার করা যাবে, তথ্যসূত্র যথাযথভাবে উল্লেখ করতে হবে এবং Plagiarism করা যাবে না;
- ৩। রচনার টপশীটে অংশগ্রহণকারীর নাম, ঠিকানা, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, মোবাইল নম্বর, ইমেইল (যদি থাকে) উল্লেখ করতে হবে। মূল রচনার কোন পৃষ্ঠায় এ সকল তথ্য উল্লেখ করা যাবে না, অন্যথায় রচনা সরাসরি বাতিল বলে গণ্য হবে;
- ৪। রচনার সাথে এককপি ছবিসহ অংশগ্রহণকারীর জীবন বৃত্তান্ত প্রদান করতে হবে;
- ৫। ছাত্র/ছাত্রীর ছাত্রত্ব সম্পর্কে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র রচনার সাথে সংযুক্ত করতে হবে;
- ৬। ২৮শে নভেম্বর, ২০১৯ খ্রিঃ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে রচনার পাণ্ডুলিপি ডাকযোগে সচিব, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ৩৭/৩/এ ইফ্রাটন গার্ডেন, রমনা, ঢাকা বরাবরে পৌছাতে হবে; উক্ত সময়ের মধ্যে ব্যক্তিগতভাবেও উপস্থিত হয়ে জমা দেয়া যাবে, বিলম্বের কারণ যাই হোক না কেন নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত রচনা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না;
- ৭। প্রাপ্ত রচনাসমূহ অভ্যন্তরীণভাবে একটি কমিটির মাধ্যমে প্রাথমিকভাবে বাছাই করা হবে;
- ৮। প্রাথমিক বাছাই পর্বে নির্বাচিত রচনাসমূহ এ লক্ষ্যে গঠিত মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়ন করা হবে;
- ৯। রচনা মূল্যায়নের ক্ষেত্রে মূল্যায়ন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;
- ১০। দাখিলকৃত রচনা ফেরত প্রদান করা হবে না;
- ১১। দাখিলকৃত সকল রচনা বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্পদ হিসেবে বিবেচিত হবে এবং নিজস্ব প্রয়োজনে কমিশন উক্ত রচনার তথ্যাদি ব্যবহারের ক্ষমতা সংরক্ষণ করে;
- ১২। প্রথম স্থান অধিকারকারীর রচনা কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে; এবং
- ১৩। প্রতিযোগিতা কমিশনে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারীর সন্তান বা পরিবারের সদস্য এ প্রতিযোগিতায় অংশ গ্রহণ করতে পারবে না।

মূল্যায়ন কমিটি ১ম, ২য় ও ৩য় পুরস্কারের জন্য দুই ক্যাটাগরিতে মোট ৬ জন প্রতিযোগিকে চূড়ান্তভাবে নির্বাচন করবে।


শ্রেণীভিত্তিক পুরস্কারের মূল্য ও সম্মাননা সনদ:

বিশ্ববিদ্যালয় পর্যায়ে:

- ১। প্রথম পুরস্কার: নগদ ৩০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।
- ২। দ্বিতীয় পুরস্কার: নগদ ২০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।
- ৩। তৃতীয় পুরস্কার: নগদ ১০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।

কলেজ পর্যায়ে:

- ১। প্রথম পুরস্কার: নগদ ২০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।
- ২। দ্বিতীয় পুরস্কার: নগদ ১৫,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।
- ৩। তৃতীয় পুরস্কার: নগদ ১০,০০০/- টাকা, একটি ক্রেস্ট ও সনদপত্র।


২১/১০/১৯